

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৭৩/১(৩৩)/০১৭ তারিখ: ২৯.০৩.২০২১ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাবহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠান HSP MIS এ নিষ্ক্রিয়করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির অপারেশন ম্যানুয়াল অনুযায়ী দেশের সকল ভৌগোলিক এলাকার (মেট্রোপলিটন ও জেলা সদরের পৌর এলাকাসহ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পাঠদানে অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ-১২শ শ্রেণি) সকল স্কুল-কলেজ এবং মাদ্রাসা এই কর্মসূচির আওতাভুক্ত হবে। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাবহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠান HSP MIS এ অন্তর্ভুক্ত রয়েছে। ফলে উপবৃত্তি কার্যক্রম পরিচালনায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করে আগামী ০৮.০৪.২০২১ তারিখের মধ্যে উপবৃত্তি কর্মসূচির আওতাবহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠান HSP MIS থেকে নিষ্ক্রিয় করার জন্য অনুরোধ করা হলো।

১। HSP MIS এ লগইন করার নিয়মাবলী :

HSP MIS এর লিংক (<http://hspbd.com/HSP-MIS/login>) লগইন করলে একটি স্ক্রিন প্রদর্শিত হবে। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার User Name/ID ও Password টাইপ করে লগইন বাটনে ক্লিক করতে হবে। User Name/ID ও Password ঠিক থাকলে তিনটি অপশন প্রদর্শিত হবে। উপবৃত্তির জন্য প্রথমটি অর্থাৎ হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম (এইচএসপি) এ ক্লিক করলে HSP MIS এর ড্যাশবোর্ড প্রদর্শিত হবে।


২। আওতাবহির্ভূত প্রতিষ্ঠান নিষ্ক্রিয় করার নিয়মাবলী :

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশন' বাটনে ক্লিক করতে হবে।
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন।
- 'উপবৃত্তির নির্বাচিত প্রতিষ্ঠান' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন।
- 'সক্রিয়/নিষ্ক্রিয়' অপশনে গিয়ে আওতাবহির্ভূত প্রতিষ্ঠান হলে '√' (টিক) চিহ্ন উঠিয়ে দিতে হবে।
- সর্বশেষ 'নিশ্চিতকরণ' মেসেজ প্রদর্শিত হলে 'হ্যাঁ' বাটনে ক্লিক করলে প্রতিষ্ঠান নিষ্ক্রিয় হয়ে যাবে।

৩। আওতাভুক্ত প্রতিষ্ঠান ভুলক্রমে নিষ্ক্রিয় হলে সক্রিয় করার নিয়মাবলী :

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশন' বাটনে ক্লিক করতে হবে।
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন।
- 'উপবৃত্তির নির্বাচিত প্রতিষ্ঠান' অপশনে প্রবেশ করে স্ট্যাটাস বাটনে ক্লিক করে নিষ্ক্রিয় অপশনটি সিলেক্ট পূর্বক খুঁজুন বাটনে ক্লিক করুন।
- 'সক্রিয়/নিষ্ক্রিয়' অপশনে গিয়ে '√' (টিক) চিহ্ন দিতে হবে।
- সর্বশেষ 'নিশ্চিতকরণ' মেসেজ প্রদর্শিত হলে 'হ্যাঁ' বাটনে ক্লিক করতে হবে।

User Name/ID ও Password ব্যবহার করে HSP MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে hsp.sstipend@gmail.com ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।


২২/০৬/২০

(শ্রী মৌর্তজা মামুন)

স্কিম পরিচালক

সমন্বিত উপবৃত্তি কর্মসূচি


উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/১৩০(২(৩))/১১০

তারিখ: ২৯.০৩.২০২১ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৭। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৮। একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
- ০৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সহকারী প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। সংরক্ষণ নথি।


(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি